

ছদ্মনামের প্রতিবাদ

ছদ্মনাম নিতেও মেয়ে মানুষের আঁচলে মুখ লুকাতে হয়। হায়রে অভাগা, বেকুব পুরুষ মেয়েদের নামে নাম ভাংগিয়ে কি প্রমাণ করতে চাইলেন জনাব মহিউদ্দিন মশায়। গালি কেবল নারীর বুলি? হাসালেন বটে। এতই পৌরুষত্বের জোর যে মাথা ঢেকে তবেইনা ঘেউ ঘেউ করতে হয়। মতের সংগে মিল না হলেই পুরুষ মানুষের ভাষা কত মারাত্মকভাবে বদলে যায় তা আমার অভিজ্ঞতার ভান্ডারে বেশ জমকালো আকারেই জেগে আছে। ভাষার রূপ বদলাতে যে নারীর নাম আপনি ব্যবহার করেছেন তিনি কি আপনার মা অথবা বোন কেউ হয়? সমস্ত নারীর হয়ে আমি এর তীব্র নিন্দা ও প্রতিবাদ করছি। যুগে যুগে নারীদেরকে বহুভাবে ব্যবহার করা হয়েছে, পণ্য করা হয়েছে। কিন্তু এ কোন সভ্য সমাজে বাস করছি যে, গালাগাল ব্যবহার করার জন্য নারীর কাছেই আশ্রয় নেয়া হয়। বন্ধ করুন এ সব জালিয়াতি। আপনি বিশ্বের সমস্ত নারীর কাছে ক্ষমা চাওয়াটা খুবই জরুরী। বিবেকের চাষ করতে শিখুন।
মৌ মধুবন্তী